মেহেরপুরে নোটিশ ছাড়া নির্মাণাধীন বাড়ির প্রাচীর ভাঙচুরের অভিযোগ

মেহেরপুর পৌরসভার ওয়াপদা রোড এলাকায় নোটিশ ছাড়াই নির্মাণাধীন বাড়ির প্রাচীর, স্যানিটারি সামগ্রী ও নির্মাণসামগ্রী ভাঙচুর এবং ক্ষতিসাধনের অভিযোগ উঠেছে সড়ক ও জনপথ (সওজ) বিভাগের বিরুদ্ধে।

এ ঘটনায় ক্ষতিগ্রস্ত গৃহকর্ত্রী মোছা. ডলি আজাদী সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও ক্ষতিপূরণ দাবি করেছেন।

লিখিত অভিযোগে ডলি আজাদী বলেন, গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে সড়ক ও জনপথ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মো. মিজানুর রহমান কোনো ধরনের পূর্ব নোটিশ বা মৌখিক অবহিতকরণ ছাড়াই বুলডোজার দিয়ে তার নির্মাণাধীন বাড়ির প্রাচীর, স্যানিটারি সামগ্রী ভেঙে ফেলেন। এছাড়া সেখানে রাখা ইট ও বালু মাটির সঙ্গে মিশিয়ে দেওয়া হয়।

তার দাবি, এ ঘটনায় প্রায় ১ লাখ ৫০ হাজার থেকে ২ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

ডলি আজাদী অভিযোগ করেন, “আমাকে কোনো ধরনের লিখিত বা মৌখিক নোটিশ না দিয়েই ভাঙচুর চালানো হয়েছে। আমাদের নির্মাণাধীন বাড়ির আশপাশে থাকা ডায়াগনস্টিক সেন্টার ও অন্যান্য দোকানপাটের সামনেও একইভাবে জায়গা ব্যবহার করা হয়েছে। কোথাও কোথাও টাইলসও বসানো রয়েছে। অথচ শুধুমাত্র আমাদের ক্ষেত্রেই এ ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে, যা অন্যায়।”

এবিষয়ে সড়ক ও জনপথ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মো. মিজানুর রহমান বলেন, “হাইওয়ের সরকারি জমির ওপর কংক্রিটের কাজ ও সেফটি ট্যাংক নির্মাণ করা হয়েছিল। এ বিষয়ে পূর্বেই নোটিশ দিয়ে অবৈধ স্থাপনা অপসারণের নির্দেশনা দেওয়া হয়েছিল। হাইওয়েতে যান চলাচলের স্বার্থে সেখানে রাখা ইট ও বালুসহ অন্যান্য নির্মাণসামগ্রী অপসারণ করা হয়েছে।”